সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৬/২৩১ ২৭ আগস্ট , ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ আমদানি নীতি আদেশ ২০২৬-২০২৯-এ পোশাক খাত সংশ্লিষ্ট উল্লেখ্যযোগ্য কতিপয় নীতির পরিবর্তন ও সংযোজন প্রসঙ্গে।**

**সূত্রঃ** আমদানি নীতি আদেশ ২০২৬-২০২৯, তারিখঃ ২৪/০৮/২০২৬।

সম্মানিত সদস্যগণ অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, বর্তমান পরিচালনা পরিষদের ঐকান্তিক প্রচেষ্টার ফলশ্রুতিতে বাণিজ্য মন্ত্রণালয় হতে পোশাক খাতে ব্যাক টু ব্যাক এলসি এর পাশাপাশি চুক্তিপত্রের মাধ্যমে আমদানি, এফওসি ভিত্তিতে আমদানির ক্ষেত্রে রিভলভিং পদ্ধতির জটিলতা নিরসন, স্থানীয় প্রতিষ্ঠান হতে এফওসি'তে কাঁচামাল সংগ্রহ, প্রচ্ছন্ন বন্ডেড প্রতিষ্ঠান হতে নন বন্ডেড প্রতিষ্ঠানে কাঁচামাল সরবরাহ, নন বন্ডেড প্রতিষ্ঠান ব্যাংক গ্যারান্টির বিপরীতে এফওসি ভিত্তিতে কাঁচামাল আমদানি করার সুবিধাসহ আরো নানাবিধ সুবিধা প্রদান করে আমদানি নীতি আদেশ ২০২৬-২০২৯ প্রকাশ করেছে।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় জ্ঞাতার্থে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ ও আমদানি নীতি আদেশ ২০২৬-২৯ এর মধ্যে পোশাক খাত সংশ্লিষ্ট উল্লেখযোগ্য কতিপয় নীতির সংশোধন ও নতুন সংযোজনসমূহ এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

**মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অব:)**
মহাসচিব

# নতুন প্রকাশিত আমদানি নীতি আদেশ ২০২৬-২০২৯ ও পূর্ববর্তী আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর মধ্যে পোশাক খাত সংশ্লিষ্ট উল্লেখযোগ্য পরিবর্তন ও নতুন সংযোজন সমূহ

| ক্রমিক নং | প্রকাশিত আমদানি নীতি ২০২৬-২০২৯ | আমদানি নীতি ২০২১-২০২৪ |
|---|---|---|
| ০১ | অনুচ্ছেদ ২৫ এর উপ অনুচ্ছেদ ১ (ক)<br><br>অপ্রত্যাহারযোগ্য ঋণপত্র বা চুক্তিপত্র বা ক্রয়াদেশ এর বিপরীতে তৈরি পোশাক রপ্তানির জন্য প্রতিষ্ঠানসমূহ ব্যাক-টু-ব্যাক ঋণপত্র বা চুক্তিপত্রের বিপরীতে বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) অথবা বাংলাদেশ নীটওয়ার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ) কর্তৃক জারীকৃত ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) এ অনুমোদিত পরিমাণের কাঁচামাল ও মোড়ক সামগ্রী (নিষিদ্ধ ও শর্তযুক্ত তালিকাভুক্ত পণ্যসহ) আমদানি করিতে পারিবে।<br><br>তবে শর্ত থাকে যে, অভ্যন্তরীন উৎস হইতে কাঁচামাল ও মোড়কসমগ্রী ক্রয়ের ক্ষেত্রে দেশীয় মুদ্রায় ব্যাক টু ব্যাক ঋণপত্র খোলা যাইবে।<br><br>আরো শর্ত থাকে যে, গ্রে-কাপড় ছাড়া অন্যান্য কাপড় আমদানির ক্ষেত্রে কেবল ১৮.২৯মিঃ বা তদূর্ধ্ব পরিমান নিয়মিত ও অবিচ্ছিন্ন থান কাপড় আমদানি করা যাইবে। কোন প্রকার কাটা বা টুকরা কাপড় আমদানি করা যাইবে না। | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮<br>(ক) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে নিশ্চিত (confirmed) ও অপ্রত্যাহারযোগ্য ঋণপত্রের ভিত্তিতে তৈরি পোশাক রপ্তানির জন্য **<u>বন্ডেড ওয়্যারহাউস পদ্ধতির অধীন পরিচালিত</u>** স্বীকৃত তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানসমূহ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ অথবা বাংলাদেশ নীটওয়ার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ) কর্তৃক জারীকৃত ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) এ অনুমোদিত পরিমাণের কাঁচামাল ও মোড়ক সামগ্রী (নিষিদ্ধ ও শর্তযুক্ত তালিকাভুক্ত পণ্যসহ) আমদানি করিতে পারিবে। |
| ০২ | অনুচ্ছেদ ২৫ এর উপ অনুচ্ছেদ ১ (গ)<br><br>রপ্তানি ঋণপত্রের বা ক্রয়াদেশের বিপরীতে ঋণপত্র খুলিয়া ইউডি (ইউটিলাইজেশন ডিক্লারেশন) এর প্রাপ্যতা অনুযায়ী ডুপ্লেক্স বোর্ড ও কলার ব্যাক বোর্ড পেপারসহ সমুদয় উপকরণ পাশ বহিতে এন্ট্রি করিয়া আমদানি করিতে পারিবে। | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮<br>*(গ)* গ্রে-কাপড় আমদানির ক্ষেত্রে উপ-অনুচ্ছেদ (১০) এর দফা (খ) এর বিধান প্রযোজ্য হইবে, তবে ব্যাক-টু-ব্যাক ঋণপত্র অধীনে ৪০০ (চারশত) গ্রামের ডুপ্লেক্স বোর্ড (গ্রে-ব্যাক) পাস বহিতে এন্ট্রি করিয়া আমদানি করা যাইবে; |
| ০৩ | অনুচ্ছেদ ২৫ এর উপ অনুচ্ছেদ ১ (ঘ) | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮ |

| ক্রমিক নং | প্রকাশিত আমদানি নীতি ২০২৬-২০২৯ | আমদানি নীতি ২০২১-২০২৪ |
|---|---|---|
| | দফা (ক) ও (খ) তে বর্ণিত শিল্প প্রতিষ্ঠান মনোনীত ব্যাংকের মাধ্যমে ব্যাক-টু-ব্যাক **ঋণপত্র বা চুক্তিপত্রের** বিপরীতে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানি করিতে পারিবে এবং এইরূপ ব্যবস্থায় **ঋণপত্র বা চুক্তিপত্রের** বিপরীতে আমদানিকৃত কাঁচামাল ও মোড়ক সামগ্রী খালাস করিবার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে আইপি বা সিপি **গ্রহন করিতে** হইবে না; | (ঙ) দফা (ক) তে বর্ণিত শিল্প প্রতিষ্ঠান মনোনীত ব্যাংকের মাধ্যমে ব্যাক-টু-ব্যাক এলসি বিপরীতে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানি করিতে পারিবে এবং এইরূপ ব্যবস্থায় ব্যাক-টু-ব্যাক এলসি বিপরীতে আমদানিকৃত কাঁচামাল ও মোড়ক সামগ্রী খালাস করিবার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট হইতে আইপি বা সিপি লইতে হইবে না; |
| ০৪ | অনুচ্ছেদ ২৫ এর উপানুচ্ছেদ ১ (ঙ)<br>বন্ডেড ওয়্যার হাউস হিসেবে নিবন্ধিত এক্সেসরিজ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ ব্যাক টু ব্যাক ঋণপত্র বা চুক্তিপত্র বা প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানকে ব্যাক টু ব্যাক ঋণপত্র বা চুক্তিপত্রের বিপরীতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ইউটিলাইজেশন পারমিট (ইউপি) প্রদান করা যাইবে; যথা: | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮ (ব)<br>প্রতিটি প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানকে ব্যাক টু ব্যাক ঋণপত্রের বিপরীতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ইউটিলাইজেশন পারমিট (ইউপি) প্রদান করা যাইবে, যথা:- |
| ০৫ | অনুচ্ছেদ ২৫ উপানুচ্ছেদ ১ (ঙ) (অ)<br>যে ক্ষেত্রে কোনো ঋণপত্রের **বা** চুক্তিপত্রের বিপরীতে উপকরণ আমদানি**র পর** কার্টন ও এক্সেসরিজ আমদানির মূল্য পরিশোধ করা সম্ভব না হয় সেইক্ষেত্রে অন্য কোনো ঋণপত্রের **বা** চুক্তিপত্রের বিপরীতে উপকরণ আমদানি**র পর** নির্ধারিত সীমার **অতিরিক্ত** অর্থ **উদ্বৃত্ত** থাকিলে উক্ত অর্থ সংশ্লিষ্ট ঋণপত্রের বিপরীতে কার্টুন ও এক্সেসরিজ আমদানির মূল্য **নগদ** পরিশোধকল্পে সমন্বয় করা যাইবে এবং উক্তরূপ সমন্বয় অনধিক ০৭ (সাত) টি ঋণপত্রের মধ্যে করিতে হইবে; | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮ (ব)<br>(আ) যে ব্যাক টু ব্যাক ঋণপত্রের সহিত অন্য যে সকল ঋণপত্রের উদ্বৃত্ত অর্থ সমন্বয় করা হয় উহার সংশ্লিষ্ট যাবতীয় তথ্যাদি (যথা- সংশ্লিষ্ট ব্যাক টু ব্যাক ঋণপত্র নম্বর, সূত্র ও তারিখ ঋণপত্র গ্রহীতার নাম ও ঠিকানা, পণ্যের বিবরণী এবং পরিমাণ ও আনুষঙ্গিক অন্যান্য তথ্য) ইউপিতে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে; |
| ০৬ | উপ অনুচ্ছেদ ১ (ঙ) (আ)<br>**কোনো** ব্যাক টু ব্যাক ঋণপত্র **বা চুক্তিপত্রের** সহিত অন্য যে**ই** সকল ঋণপত্রের উদ্বৃত্ত অর্থ সমন্বয় করা হয় উহার সংশ্লিষ্ট যাবতীয় তথ্যাদি (যথা- সংশ্লিষ্ট ব্যাক টু ব্যাক ঋণপত্র নম্বর, সূত্র ও তারিখ ঋণপত্র গ্রহীতার নাম ও ঠিকানা, পণ্যের বিবরণী এবং পরিমাণ ও আনুষঙ্গিক অন্যান্য তথ্য) **ইউপি বা ইউডিতে** সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে; | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮ (ব) (আ)<br>যে ব্যাক টু ব্যাক ঋণপত্রের সহিত অন্য যে সকল ঋণপত্রের উদ্বৃত্ত অর্থ সমন্বয় করা হয় উহার সংশ্লিষ্ট যাবতীয় তথ্যাদি (যথা- সংশ্লিষ্ট ব্যাক টু ব্যাক ঋণপত্র নম্বর, সূত্র ও তারিখ ঋণপত্র গ্রহীতার নাম ও ঠিকানা, পণ্যের বিবরণী এবং পরিমাণ ও আনুষঙ্গিক অন্যান্য তথ্য) ইউপিতে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে; |
| ০৭ | অনুচ্ছেদ ২৫ এর উপ অনুচ্ছেদ ১ (ঙ) (ই)<br>সরবরাহকৃত পণ্যের এ্যাকসেসরিজ কাঁচামাল এর ব্যাক টু ব্যাক ঋণপত্র **বা** চুক্তিপত্রের কোনো অবস্থাতে**ই ১২** (বার) মাসের অধিক সময় সমন্বয়হীন অবস্থায় রাখা যাইবে না; | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮ (ব) (ই)<br>সরবরাহকৃত পণ্যের এ্যাকসেসরিজ কাঁচামাল এর ব্যাক টু ব্যাক ঋণপত্র কোনো অবস্থাতেই ৬ (ছয়) মাসের অধিক সময় সমন্বয়হীন অবস্থায় রাখা যাইবে না; |
| ০৮ | অনুচ্ছেদ ২৫ এর উপ অনুচ্ছেদ ১ (ঙ) (ঈ)<br>**আমদানির** ৯ (নয়) মাসের মধ্যে অভ্যন্তরীণ (ইনল্যান্ড) ব্যাক টু ব্যাক ঋণপত্রের অর্থের সমন্বয় সাধন করিতে হইবে; | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮ (ব) (ঈ)<br>৬ (ছয়)–মাসের মধ্যে অভ্যন্তরীণ (ইনল্যান্ড) ব্যাক টু ব্যাক ঋণপত্রের অর্থের সমন্বয় সাধন করিতে হইবে; |
| ০৯ | অনুচ্ছেদ ২৫ এর উপানুচ্ছেদ ১ (চ) | অনুচ্ছেদ ২১ উপানুচ্ছেদ ৮ (চ) (ই) |

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>প্রকাশিত আমদানি নীতি ২০২৬-২০২৯</th><th>আমদানি নীতি ২০২১-২০২৪</th></tr>
<tr><td></td><td>তৈরি পোশাক রপ্তানির ক্ষেত্রে মূল্য সংযোজনের সম্পূর্ণ পরিমান অর্থ বাংলাদেশে ফেরত আনয়ন করিতে হইবে এবং মূল্য সংযোজনের ন্যূনতম হার নিম্নরূপ হইতে হইবে, যথা:-
<table>
<tr><th>(১)</th><th>(২)</th><th>(৩)</th></tr>
<tr><td>১.</td><td>প্রতি ডজন এফওবি ৬০ (ষাট) মার্কিন ডলার পর্যন্ত মূল্যের সকল প্রকার (ওভেন ও নীট) পোশাক রপ্তানির ক্ষেত্রে</td><td>শতকরা ৩০ (ত্রিশ) ভাগ</td></tr>
<tr><td>২.</td><td>প্রতি ডজন এফওবি ৬০ (ষাট) মার্কিন ডলারের অধিক মূল্যের সকল প্রকার (ওভেন ও নীট) পোশাক রপ্তানির ক্ষেত্রে</td><td>শতকরা ১০ (দশ) ভাগ</td></tr>
<tr><td>৩.</td><td>সকল প্রকার শিশু পোশাক রপ্তানির ক্ষেত্রে</td><td>শতকরা ১৫ (পনের) ভাগ</td></tr>
<tr><td>৪.</td><td>অন্তর্বাস ও সিনথেটিক ফাইবারের তৈরী বিশেষায়িত পণ্য</td><td>শতকরা ২০ (বিশ) ভাগ</td></tr>
</table></td><td>তৈরি পোশাক রপ্তানির ক্ষেত্রে মূল্য সংযোজনের সম্পূর্ণ পরিমান অর্থ বাংলাদেশে ফেরত আনয়ন করিতে হইবে এবং মূল্য সংযোজনের ন্যূনতম হার নিম্নরূপ হইতে হইবে, যথা:-
<table>
<tr><th>(১)</th><th>(২)</th><th>(৩)</th></tr>
<tr><td>১.</td><td>প্রতি ডজন এফওবি ৬০ (ষাট) মার্কিন ডলার পর্যন্ত মূল্যের সকল প্রকার (ওভেন ও নীট) পোশাক রপ্তানির ক্ষেত্রে</td><td>শতকরা ২০ (বিশ) ভাগ</td></tr>
<tr><td>২.</td><td>প্রতি ডজন এফওবি ৬০ (ষাট) মার্কিন ডলারের অধিক মূল্যের সকল প্রকার (ওভেন ও নীট) পোশাক রপ্তানির ক্ষেত্রে</td><td>শতকরা ১০ (দশ) ভাগ</td></tr>
<tr><td>৩.</td><td>সকল প্রকার শিশু পোশাক রপ্তানির ক্ষেত্রে</td><td>শতকরা ১৫ (পনের) ভাগ</td></tr>
</table></td></tr>
<tr><td>১০</td><td>অনুচ্ছেদ ২৫ এর উপানুচ্ছেদ (২) বিনামূল্যে বা Free of Cost (FOC) বা On no Cost basis আমদানি-<br>(ক) রপ্তানিমুখী তৈরি পোশাক, চামড়া ও চামড়াজাত পণ্য এবং পাদুকা উৎপাদনকারী প্রতিষ্ঠান, জাহাজ নির্মানকারী প্রতিষ্ঠান এবং ফার্নিচার ও ফার্নিশিং পণ্য সংযোজিত রপ্তানি মূল্য দেশে প্রত্যাবাসনের শর্তে তাহাদের পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণ বা কাঁচামাল বিনামূল্যে বা Free of Cost (FOC) বা On no Cost basis আমদানি করিতে পারিবে:
<table>
<tr><th>ক্রম নং</th><th>রপ্তানি খাত</th><th>উপকরণের ধরণ</th><th>এফওসি ভিত্তিতে আমদানির সীমা</th></tr>
<tr><td rowspan="2">০১</td><td rowspan="2">তৈরি পোশাক, ওভেন ও শিশু পোশাক</td><td>ফেব্রিক্স (কটন)</td><td>পূর্ববর্তী বছরের রপ্তানি পণ্যের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ</td></tr>
<tr><td>ফেব্রিক্স (ম্যান মেইড ফাইবার)</td><td>ক্রয়াদেশ মূল্যের শতকরা ৭০ (সত্তর) ভাগ</td></tr>
</table></td><td></td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>প্রকাশিত আমদানি নীতি ২০২৬-২০২৯</th><th>আমদানি নীতি ২০২১-২০২৪</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><td></td><td></td><td></td><td>(ইউডি-তে অনুমোদিত সহগের ভিত্তিতে)</td></tr>
<tr><td>০২</td><td>অন্তর্বাস ও সিনথেটিক ফাইবারের তৈরি বিশেষায়িত পণ্য</td><td>সিনথেটিক ফেব্রিক্স</td><td>ক্রয়াদেশ মূল্যের শতকরা ৭০ (সত্তর) ভাগ<br>(ইউডি-তে অনুমোদিত সহগের ভিত্তিতে)</td></tr>
</table>
</td><td></td></tr>
<tr><td>১১</td><td>অনুচ্ছেদ ২৫ এর উপ-অনুচ্ছেদ ২ এর (ঘ)<br>নন-বন্ডেড প্রতিষ্ঠানসমূহ প্রযোজ্য মতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সময় সময় জারিকৃত আদেশে উল্লেখিত শর্ত ও সীমা সাপেক্ষে প্রযোজ্য শুল্ক ও করের বিপরীতে ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে Free of Cost (FOC) এর মাধ্যমে নিশ্চিত চুক্তির বিপরীতে ক্রেতার চাহিদা মোতাবেক কাঁচামাল আমদানি করিতে পারিবে;</td><td></td></tr>
<tr><td>১২</td><td>অনুচ্ছেদ ২৫ এর উপ-অনুচ্ছেদ (২) এর (ঙ)<br>তৈরি পোশাক, চামড়া ও চামড়াজাত পণ্য এবং পাদুকা, জাহাজ এবং ফার্নিচার রপ্তানির ক্ষেত্রে মূল্য সংযোজনের সম্পূর্ণ পরিমান অর্থ বাংলাদেশে ফেরত আনয়ন করিতে হইবে এবং মূল্য সংযোজনের ন্যূনতম হার নিম্নরূপ হইতে ইইবে, যথা:-
<table>
<tr><td rowspan="2">১.</td><td rowspan="2">তৈরি পোশাক, ওভেন ও শিশু পোশাক</td><td>ফেব্রিক্স (কটন)</td><td>শতকরা ৩০ (ত্রিশ) ভাগ</td></tr>
<tr><td>ফেব্রিক্স (ম্যান মেইড ফাইবার)</td><td>শতকরা ৩০ (ত্রিশ) ভাগ</td></tr>
<tr><td>২.</td><td>অন্তর্বাস ও সিনথেটিক ফাইবারের তৈরি বিশেষায়িত কাপড়ের অন্যান্য পণ্য</td><td>সিনথেটিক ফেব্রিক্স</td><td>শতকরা ৪০ (চল্লিশ) ভাগ</td></tr>
</table>
</td><td></td></tr>
<tr><td>১৩</td><td>অনুচ্ছেদ ২৫ এর উপানুচ্ছেদ (৪)<br>বন্ডেড ওয়্যার হাউস পদ্ধতিতে পরিচালিত রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক শুধু রোল বা থান আকারে কাপড় আমদানি করিতে হইবে;</td><td>অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮<br>(ছ) বন্ডেড ওয়্যার হাউস পদ্ধতিতে পরিচালিত রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক শুধু রোল বা থান আকারে নিটেড কাপড় আমদানি করিতে হইবে;</td></tr>
</table>

| ক্রমিক নং | প্রকাশিত আমদানি নীতি ২০২৬-২০২৯ | আমদানি নীতি ২০২১-২০২৪ |
|---|---|---|
| | | |
| ১৪ | অনুচ্ছেদ ২৫ এর উপ অনুচ্ছেদ (৬)<br><br>নিশ্চিত ও অপ্রত্যাহারযোগ্য ঋণপত্র **বা** চুক্তিপত্রের ভিত্তিতে **স্পেশালাইজড টেক্সটাইল হোসিয়ারি ও নিটেডসহ তৈরি পোশাক** রপ্তানির জন্য ব্যাক-টু ব্যাক **ঋণপত্র বা** চুক্তিপত্রের **বিপরীতে কাস্টমস বন্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিমানে কাঁচামাল ও মোড়কসমগ্রী** (নিষিদ্ধ ও শর্তযুক্ত তালিকাভুক্ত পণ্যসহ) আমদানি করিতে পারিবে। তবে হোসিয়ারি ও নিটেড পোশাক দ্রব্যাদির জন্য অনুমোদিত পোশাক শিল্প প্রতিষ্ঠানসমূ**হের** সুতা **এবং নিডেট ফ্যাব্রিক্স (থান বা রোল আকারে** আমদানির ক্ষেত্রে **বাণিজ্য মন্ত্রণালয় হইতে** আমদানির অনুম**তি গ্রহণ করিতে হইবে।** | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮<br>(ঞ) নিশ্চিত ও অপ্রত্যাহারযোগ্য ঋণপ**ত্রের** ভিত্তিতে **হোসিয়ারি ও নিটেড** পোশাক দ্রব্যাদি রপ্তানির জন্য **বন্ডেড ওয়্যারহাউস পদ্ধতির অধীনে পরিচালিত** স্বীকৃত রপ্তানিমুখী হোসিয়ারি শিল্প প্রতিষ্ঠানসমূহ ব্যাক-টু ব্যা-ক এলসি**র** বিপরীতে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিমাণের কাঁচামাল ও মোড়ক সামগ্রী (নিষিদ্ধ ও শর্তযুক্ত তালিকাভুক্ত পণ্যসহ) আমদানি করিতে পারিবে এবং ইহার জন্য প্রধান নিয়ন্ত্রকের পূর্বানুমতির প্রয়োজন হইবে না, তবে হোসিয়ারি ও নিটেড পোশাক দ্রব্যাদির জন্য অনুমোদিত পোশাক শিল্প প্রতিষ্ঠানসমূহকে সুতা আমদানির ক্ষেত্রে সুতা এবং নিটেড ফ্যাব্রিক্স আমদানির ক্ষেত্রে নিটেড ফ্যাব্রিক্স থান বা রোল আকারে আমদানির অনুমতি দেওয়া হইবে: |
| ১৫ | অনুচ্ছেদ ২৫ এর উপানুচ্ছেদ (১০)<br>প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্পের ক্ষেত্রে ব্যাক-টু-ব্যাক ঋণপত্র **বা** চুক্তিপত্রের বিপরীতে কাঁচামাল আমদানি করা যাইবে; **এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অথরাইজেশনের প্রয়োজন নেই;** | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮<br>(ঢ) প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্পের ক্ষেত্রে ব্যাক-টু-ব্যাক ঋণপ**ত্রের** বিপরীতে **বন্ডেড ওয়্যার-হাউসের** মাধ্যমে কাঁচামাল আমদানি করা যাইবে; |
| ১৬ | অনুচ্ছেদ ২৫ এর উপানুচ্ছেদ (১১)<br>উপানুচ্ছেদ ২ এর আলোকে আমদানির পরিবর্তে বন্ডেড ওয়্যারহাউস পদ্ধতির আওতায় পরিচালিত শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ব্যাক টু ব্যাক ঋণপত্র বা চুক্তিপত্র বা ক্রয়াদেশের বিপরীতে অথবা মাস্টার রপ্তানি ঋণপত্র এবং ব্যাক টু ব্যাক ঋণপত্র ছাড়াই শুধুমাত্র ক্রেতা কর্তৃক নিশ্চিত চুক্তির বিপরীতে Free of Cost (FOC) ভিত্তিতে ক্রেতার চাহিদামত বিজিএমইএ/বিকেএমইএ এর প্রত্যয়নপত্রের ভিত্তিতে কাঁচামাল ও আনুষাঙ্গিক দ্রব্যাদি এবং মোড়ক সামগ্রী আমদানি করিতে পারিবে, এইরূপ ক্ষেত্রে- | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮<br>(ণ) বন্ডেড ওয়্যারহাউস পদ্ধতির আওতায় পরিচালিত শুধুমাত্র শতকরা ১০০ (একশত) ভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ব্যাক-টু-ব্যাক ঋণপত্র বিপরীতে অথবা মাস্টার রপ্তানি ঋণপত্র এবং ব্যাক-টু-ব্যাক ঋণপত্র ছাড়াই শুধুমাত্র ক্রেতা কর্তৃক নিশ্চিত চুক্তির বিপরীতে ৬ (ছয়) মাসের প্রয়োজনীয় কাঁচামাল ও আনুষঙ্গিক দ্রব্যাদি এবং মোড়ক সামগ্রী রিভলভিং পদ্ধতিতে আমদানি করিতে পারিবে, এইরূপ ক্ষেত্রে- |
| ১৭ | অনুচ্ছেদ ২৫ এর উপানুচ্ছেদ ১১<br>(ক) বিদ্যমান কারখানার ক্ষেত্রে সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক কর্তৃক বিগত বছরের রপ্তানি তথা পারফরমেন্সের বিষয়ে ইস্যুকৃত সনদপত্রের উপর ভিত্তি করিয়া বিজিএমইএ বা বিকেএমইএ'র প্রত্যয়নপত্রের মাধ্যমে অনুচ্ছেদ ২৫ এর উপানুচ্ছেদ ২ এর দফা (ক) এর টেবিলের ক্রমিক নং ১ | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮ (ণ)<br>(অ) বিদ্যমান ফ্যাক্টরির ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বিগত বৎসরের রপ্তানি তথা পারফরমেন্সের বিষয়ে ইস্যুকৃত সনদপত্রের উপর ভিত্তি করিয়া পরিমান নির্ধারণ করা হইবে; |

| ক্রমিক নং | প্রকাশিত আমদানি নীতি ২০২৬-২০২৯ | আমদানি নীতি ২০২১-২০২৪ |
|---|---|---|
| | (মিক্সসহ সকল ধরণের কটন ফেব্রিক্স) অনুযায়ী পরিমাণ নির্ধারণ করা হইবে; এবং | |
| ১৮ | অনুচ্ছেদ ২৫ এর উপানুচ্ছেদ ১১<br>(খ) নতুন কারখানা, বন্ধ কারখানা পুনরায় চালু হলে বস্ত্র অধিদপ্তর বা ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত উৎপাদন ক্ষমতার শতকরা ৫০ ভাগ পরিমান নির্ধারণ করিয়া আমদানি করিতে পারিবে। পরবর্তিতে উপানুচ্ছেদ ১১ এর নির্দেশনার আলোকে একওসি ভিত্তিতে আমদানি করিতে পারিবে। | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮ (ণ)<br>(আ) নতুন ফ্যাক্টরির ক্ষেত্রে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত উৎপাদন ক্ষমতার উপর ভিত্তি করিয়া ৬ (ছয়) মাসের পরিমান নির্ধারন করা হইবে; |
| ১৯ | অনুচ্ছেদ ২৫ এর উপ অনুচ্ছেদ (১২)<br>নীট ফেব্রিক্স আমদানিযোগ্য হইবে না;<br>তবে শর্ত থাকে যে, শতভাগ রপ্তানিমুখী শিল্পের অনুকূলে আন্তর্জাতিক ক্রেতার (Buyer) সুনির্দিষ্ট চাহিদা বা নমুনার (Specification) ভিত্তিতে যে সকল বিশেষায়িত নিট ফেব্রিক্স (যেমন: ম্যান-মেড-ফাইবার, স্পোর্টসওয়্যার ফেব্রিক্স, ফাংশনাল বা টেকনিক্যাল) স্থানীয়ভাবে উৎপাদিত হয় না, তা সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনের (BGMEA/BKMEA) সুপারিশ এবং লিয়েন ব্যাংকের প্রত্যয়ন সাপেক্ষে বন্ডেড সুবিধায় আমদানি করা যেতে পারে। | |
| ২০ | অনুচ্ছেদ ২৫ এর উপ অনুচ্ছেদ (১৩)<br>উপানুচ্ছেদ (১১) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া শুধুমাত্র শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান স্থানীয় উৎপাদনকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান হইতে স্থানীয় ঋণপত্র বা ব্যাক টু ব্যাক ঋণপত্র বা চুক্তিপত্র বা এফওসি ভিত্তিতে কাঁচামাল ও আনুষাঙ্গিক দ্রবাদি সংগ্রহ করিতে পারিবে। | |
| ২১ | অনুচ্ছেদ ২৫ এর উপ অনুচ্ছেদ (১৪)<br>স্থানীয় নন-বন্ডেড প্রতিষ্ঠান টেক্সটাইল পণ্য বা রাসায়নিক পন্য বা অন্য কোনো উপকরণ প্রচ্ছন্ন বন্ডেড প্রতিষ্ঠান হতে ব্যাক টু ব্যাক ঋণপত্র বা চুক্তিপত্রের মাধ্যমে বিজিএমইএ বা বিকেএমইএ এর প্রত্যয়নপত্রের ভিত্তিতে রপ্তানি আদেশের বিপরীতে ইউডি'তে উল্লেখিত পরিমান কাঁচামাল সরবরাহ করিতে পারিবে। | |
| ২২ | উপ অনুচ্ছেদ ১৬ | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮<br>(দ) তৈরি পোশাক শিল্পের ক্ষেত্রে সুনির্দিষ্ট রপ্তানি আদেশ সম্পাদনের জন্য আমদানিকৃত এমব্রয়ডার্ড কাপড়, ব্যাজ, লেবেল, স্টিকার ও প্যাচ এর ক্ষেত্রে ১৮.২৯ মিঃ এর নিষেধাজ্ঞা প্রযোজ্য হইবে না; |

| ক্রমিক নং | প্রকাশিত আমদানি নীতি ২০২৬-২০২৯ | আমদানি নীতি ২০২১-২০২৪ |
|---|---|---|
| | তৈরি পোশাক শিল্পের ক্ষেত্রে সুনির্দিষ্ট রপ্তানি আদেশ সম্পাদনের জন্য আমদানিকৃত এমব্রয়ডার্ড কাপড়, ব্যাজ, লেবেল, স্টিকার ও প্যাচসহ সংশ্লিষ্ট **কাঁচামালের** ক্ষেত্রে ১৮.২৯ মিঃ এর নিষেধাজ্ঞা প্রযোজ্য হইবে না; | |
| ২৩ | অনুচ্ছেদ ২৫ উপানুচ্ছেদ ১৭<br>রপ্তানিমুখী তৈরি পোশাক বা বস্ত্র শিল্পের জন্য ব্যাক-টু-ব্যাক **ঋণপত্র বা** চুক্তিপত্রের প্রতিষ্ঠার পূর্বে অথবা এলসি ব্যতিরেকে আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট চুক্তিপত্র সম্পাদনের পূর্বে কাঁচামাল ও মোড়ক সামগ্রী যদি জাহাজীকরণ করা হয় তাহা হইলে ইহা আমদানি নীতি আদেশ লঙ্ঘন হিসাবে গণ্য হইবে না। | অনুচ্ছেদ ২১ এর উপ অনুচ্ছেদ ৮<br>(ধ) রপ্তানিমুখী তৈরি পোশাক বা বস্ত্র শিল্পের জন্য ব্যাক-টু-ব্যাক এলসি প্রতিষ্ঠার পূর্বে অথবা এলসি ব্যতিরেকে আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট চুক্তিপত্র সম্পাদনের পূর্বে কাঁচামাল ও মোড়ক সামগ্রী যদি জাহাজীকরণ করা হয় তাহা হইলে ইহা আমদানি নীতি আদেশ লঙ্ঘন হিসাবে গণ্য হইবে না, যদি চালানের মেনিফেস্ট দাখিলের পূর্বে ব্যাক-টু-ব্যাক এলসি খোলা অথবা এলসি ব্যতিরেকে আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট চুক্তিপত্র সম্পাদন করা হয়; |
| ২৪ | অনুচ্ছেদ ২৫ উপানুচ্ছেদ (২২)<br>শতভাগ রপ্তানিমুখী পোশাক শিল্পসহ যেকোনো রপ্তানিমুখী বন্ডেড প্রতিষ্ঠান ব্যাক টু ব্যাক ঋণপত্রের বিপরীতে নন বন্ডেড যেকোনো উৎপাদনকারী প্রতিষ্ঠান হইতে বিদ্যমান মূল্য সংযোজন কর আইন ও বিধি অনুসরণপূর্বক যেকোনো উপকরণ, কাঁচামাল সংগ্রহ করিতে পারিবে। | |